# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৯২

২৯/ পানীয় (كتاب الأشربة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ দুই শ্বাসে পান করা।

## باب مَا ذُكِرَ مِنَ الشُّرْبِ بِنَفَسَيْنِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ خَشْرَمٍ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ رِشْدِينَ بْنِ كُرَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ إِذَا شَرِبَ تَنَفَّسَ مَرَّتَيْنِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ رِشْدِينَ بْنِ كُرَيْبٍ . قَالَ وَسَأَلْتُ أَبَا مُحَمَّدٍ عَبْدَ اللَّهِ بْنَ عَبْدِ الرَّحْمَنِ عَنْ رِشْدِينَ بْنِ كُرَيْبٍ قُلْتُ هُوَ أَقْوَى أَوْ مُحَمَّدُ بْنُ كُرَيْبٍ فَقَالَ مَا أَقْرَبَهُمَا وَرِشْدِينُ بْنُ كُرَيْبٍ أَرْجَحُهُمَا عِنْدِي . قَالَ وَسَأَلْتُ مُحَمَّدَ بْنَ إِسْمَاعِيلَ عَنْ هَذَا فَقَالَ مُحَمَّدُ بْنُ كُرَيْبٍ أَرْجَحُ مِنْ رِشْدِينَ بْنِ كُرَيْبٍ . وَالْقَوْلُ عِنْدِي مَا قَالَ أَبُو مُحَمَّدٍ عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ رِشْدِينُ بْنُ كُرَيْبٍ أَرْجَحُ وَأَكْبَرُ وَقَدْ أَدْرَكَ ابْنَ عَبَّاسٍ وَرَآهُ وَهُمَا أَخَوَانِ وَعِنْدَهُمَا مَنَاكِيرُ .

বাংলা

১৮৯২। আলী ইবনু খাশরাম (রহঃ) ... ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন পান করতেন তখন দুই বার শ্বাস নিতেন। যঈফ, ইবনু মাজাহ ৩৪১৭, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৮৬ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-গারীব। রিশদীন ইবনু কুরায়ব (রহঃ) ছাড়া অন্য কোন সূত্রে এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই।

ইমাম তিরমিযী (রহঃ) বলেন, আবদুল্লাহ ইবনু আবদির রহমান দারিমী (রহঃ)-কে রিশদীন ইবনু কুরায়ব সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। বলেছিলাম, রাবী হিসাবে রিশদীন বেশী শক্তিশালী না মুহাম্মদ ইবনু কুরায়ব বেশী শক্তিশালী? তিনি বললেন, এরা পরস্পর কতই না কাছাকাছি। তবে আমাদের মতে উভয়ের মাঝে রিশদীন ইবনু কুরায়ব (রহঃ)-ই অগ্রগণ্য। মুহাম্মদ ইবনু ইসমাঈল বুখারী (রহঃ)-কেও এতদ্বিষয়ে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন, রিশদীন ইবনু কুরায়ব (রহঃ)-এর তুলনায় মুহাম্মদ ইবনু কুরায়ব হল অধিকতর প্রাধান্যযোগ্য। আবূ

মুহাম্মদ আবদুল্লাহ ইবনু আবদীর রহমান দারিমী (রহঃ)-এর মত আমারও অভিমত হল যে, এতদুভয়ের মাঝে রিশদীন ইবনু কুরায়ব (রহঃ)-ই অধিক অগ্রগণ্য ও শ্রেষ্ঠতর। তিনি ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু-এর যুগ পেয়েছেন এবং তাঁকে দেখেছেন। এরা পরস্পর ভাই ভাই, তাদের নিকট অনেক মুনকার রিওয়ায়াত রয়েছে।

## English

Narrated Ibn 'Abbas:

"When the Prophet (ﷺ) drank, he would breathe two times."

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Gharib, we do not know of it except as a narration of Rishdin bin Kuraib.

He said: I asked [Abu Muhammad] 'Abdullah bin 'Abdur-Rahman about Rishdin bin Kuraib: "Is he stronger (in narration), or Muhammad bin Kuraib?" He said: "Neither are better to me. Rishdin bin Kuraib is preferred over them to me." He said: I asked Muhammad bin Isma'il about this, so he said: "Muhammad bin Kuraib is preferred over Rishdin bin Kuraib." To me, the correct view is what Abu Muhammad 'Abdullah bin 'Abdur-Rahman said: Rishdin bin Kuraib is more preferred and he is elder. He lived to see Ibn 'Abbas, and they are brothers, and they both have Munkar narrations in their reports."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22868

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন